বিভাগ গ

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্রতিটি প্রশ্নের মান - 2

1 **ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ (মিথস্ক্রিয়াবাদ) কাকে বলে?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে দেহ ও মন পরস্পর বিরুদ্ধ দ্রব্য হলেও একে অপরের উপর মস্তিষ্কের পিনিয়েল গ্রন্থির মাধ্যমে পরোক্ষভাবে কার্যকারণরূপে ক্রিয়া-প্রতিক্রিয়া করে, সেই মতবাদকে বলা হয় ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ।

2 **ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের মূল বক্তব্য কী?**

উত্তর ▶ দেকার্তের ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের মূল বক্তব্য হল—[1] দেহ ও মন পরস্পর বিরুদ্ধ দ্রব্য। [2] দেহ ও মন একে অপরের উপর কার্যকারণরূপে ক্রিয়া-প্রতিক্রিয়া করে। [3] মস্তিষ্কের পিনিয়েল গ্রন্থি দেহ ও মনের সংযোগসূত্র হিসেবে কাজ করে।

3 **দেকার্তের দেহ ও মনের সম্বন্ধ বিষয়ক মতবাদকে ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ বলা হয় কেন?**

উত্তর ▶ দেকার্তের মতে দেহ ও মন পরস্পর বিরুদ্ধ দ্রব্য হলেও একে অপরের উপর কার্যকারণরূপে ক্রিয়া-প্রতিক্রিয়া করে। তাই দেকার্তের দেহ ও মনের সম্বন্ধ বিষয়ক মতবাদকে ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ বলা হয়।

4 **ক্রিয়া-প্রতিক্রিয়াবাদকে স্পিনোজা কীরূপ সমালোচনা করেছেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেন মস্তিষ্কের পিনিয়েল গ্রন্থি হল দেহেরই অংশ। তাই তার মাধ্যমে দৈহিক ঘটনা ও মানসিক ঘটনার মধ্যে কার্যকারণ সম্বন্ধ থাকতে পারে না।

5 **অধ্যাপক কানিংহাম ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের বিরুদ্ধে কী অভিযোগ করেছেন?**

উত্তর ▶ অধ্যাপক কানিংহাম অভিযোগ করে বলেন যদি দেহ ও মন স্বরূপত ভিন্ন হয় তবে তাদের মধ্যে কোনো সম্বন্ধ থাকতে পারে না, কার্যকারণ সম্পর্ক তো দূরের কথা। কেন-না কার্যকারণ একজাতীয় না হলে তাদের পক্ষে পরস্পরকে প্রভাবিত করা সম্ভব নয়।

6 **গিলবার্ট রাইল ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের বিরুদ্ধে কীরূপ অভিযোগ করেছেন?**

উত্তর ▶ গিলবার্ট রাইল অভিযোগ করেন দেহ আর মন সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির। তাই তারা একে অপরকে প্রভাবিত করতে পারে না। দেকার্ত এই দুই ভিন্ন জাতীয় দ্রব্যের মধ্যে কার্যকারণ সম্বন্ধ স্বীকার করে ভুল করেছেন। তিনি এইপ্রকার ভুলকে ক্যাটিগরি মিসটেক বা কার্তেজীয় কলঙ্ক বলেছেন।

7 **সমান্তরালবাদ কাকে বলে?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে দৈহিক পরিবর্তন ও মানসিক পরিবর্তনের মধ্যে কোনো কার্যকারণ সম্বন্ধ নেই, দৈহিক ঘটনা ও মানসিক ঘটনা ঈশ্বরের দুটি অনন্ত গুণ, দুটি সমান্তরাল রেখার মতো এদের সহ-পরিবর্তন ঘটে সেই মতবাদকে বলা হয় সমান্তরালবাদ।

8 **স্পিনোজার দেহ ও মনের সম্পর্ক বিষয়ক মতবাদকে সমান্তরালবাদ বলা হয় কেন?**

উত্তর ▶ স্পিনোজার মতে দৈহিক ঘটনা ও মানসিক ঘটনা স্বরূপত ভিন্ন কিন্তু উভয়ই একই দ্রব্য ঈশ্বরের দুটি অনন্ত গুণ হওয়ায় একই দিকে সর্বদা সমান্তরালভাবে পরিবর্তিত হয়। তাই স্পিনোজার মতবাদকে সমান্তরালবাদ বলা হয়।

9 **সমান্তরালবাদের মূল বক্তব্য কী?**

উত্তর ▶ সমান্তরালবাদের মূল বক্তব্য হল—[1] দৈহিক ঘটনা ও মানসিক ঘটনা সম্পূর্ণ ভিন্ন জাতীয় ও স্বতন্ত্র। তাই তাদের মধ্যে কোনো কার্যকারণ সম্বন্ধ থাকতে পারে না। [2] দৈহিক ঘটনা ও মানসিক ঘটনা উভয়ই সমান্তরালভাবে সদা পরিবর্তিত হয়।

10 **দৈহিক ক্রিয়া ও মানসিক ক্রিয়াকে যে আমরা কার্যকারণরূপে প্রত্যক্ষ করি তার ব্যাখ্যা স্পিনোজা কীভাবে দিয়েছেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেন দৈহিক ক্রিয়া ও মানসিক ক্রিয়ার মধ্যে যে কার্যকারণ সম্বন্ধ আমরা প্রত্যক্ষ করি তা ভ্রান্ত প্রত্যক্ষ। স্পিনোজার মতে ঈশ্বরকে বাদ দিয়ে দৈহিক ক্রিয়া ও মানসিক ক্রিয়ার স্বতন্ত্র কোনো অস্তিত্ব নেই।

11 **দৈহিক পরিবর্তন হল মানসিক পরিবর্তনের কারণ-এর সপক্ষে দুটি যুক্তি বা দৃষ্টান্ত দাও।**

উত্তর ▶ দৈহিক পরিবর্তন হল মানসিক পরিবর্তনের কারণ-এর সপক্ষে দুটি যুক্তি বা দৃষ্টান্ত হল—[1] মাথায় তীব্র আঘাত লাগলে (দৈহিক পরিবর্তন) চেতনা বিলুপ্ত হয় (মানসিক পরিবর্তন)। [2] দেহ ক্রমশ অসুস্থ হলে (দৈহিক পরিবর্তন) চিন্তাশক্তি ক্রমশ কমে যায় (মানসিক পরিবর্তন)।

12 **মানসিক পরিবর্তন হল দৈহিক পরিবর্তনের কারণ-এর সপক্ষে দুটি দৃষ্টান্ত দাও।**

উত্তর ▶ মানসিক পরিবর্তন হল দৈহিক পরিবর্তনের কারণ-এর সপক্ষে দুটি দৃষ্টান্ত হল—[1] রাগ, ভয় প্রভৃতি মানসিক আবেগ দৈহিক পরিবর্তনের মাধ্যমে প্রকাশ পায়। যেমন—আমরা ভয় পেলে পলায়ন করি। [2] ইচ্ছা দেহকে পরিচালিত করে। যেমন—আমার ইচ্ছা হল হাত তুললাম।

13 **দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে সমস্যাটা কী?**

উত্তর ▶ দেহ ও মন যদি পরস্পর বিরুদ্ধ দ্রব্য হয় তবে তাদের মধ্যে কীভাবে কার্যকারণরূপ ক্রিয়া-প্রতিক্রিয়া স্থাপিত হতে পারে? কেন-না কার্যকারণের মধ্যে গুণগত সাদৃশ্য ও পরিমাণগত সমতা থাকা প্রয়োজন। কিন্তু দেহ ও মনের মধ্যে এই সাদৃশ্য ও সমতা লক্ষ করা যায় না।

14 **স্পিনোজার মতে দেহ ও মনের মধ্যে কীরূপ সম্পর্ক আছে?**

উত্তর ▶ স্পিনোজার মতে দেহ ও মনের মধ্যে অর্থাৎ দৈহিক ঘটনা ও মানসিক ঘটনার মধ্যে কার্যকারণের সম্পর্ক নেই, ক্রিয়া-প্রতিক্রিয়ার সম্বন্ধ নেই। আছে কেবল আনুরূপ্য সমান্তরাল সম্পর্ক।

15 **দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে অভিন্নতাবাদ কাকে বলে?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে দেহ ও মন এক ও অভিন্ন, অর্থাৎ বিশেষ দৈহিক ঘটনা ও বিশেষ মানসিক ঘটনার মধ্যে কোনো পার্থক্য নেই অর্থাৎ ঘটনা দুটি সংখ্যাগতভাবে এক ও অভিন্ন সেই মতবাদকে বলা হয় অভিন্নতাবাদ।

16 **লৌকিক অর্থে অভিন্নতা বলতে কী বোঝায়?**

উত্তর ▶ দৈশিক ও কালিক বৈশিষ্ট্য ছাড়া দুটি বিষয় যদি আর সব বৈশিষ্ট্যে এক রকম হয় তবে বিষয় দুটি লৌকিকভাবে অভিন্ন।

17 **সংখ্যাগতভাবে অভিন্ন বলতে কী বোঝায়?**

উত্তর ▶ A ও B দুটি ঘটনাকে সংখ্যাগতভাবে অভিন্ন বলা যাবে যদি এবং কেবল যদি সংখ্যাগতভাবে প্রতিটি বৈশিষ্ট্যের দিক থেকে তারা অভিন্ন হয়।

18 **অভিন্নতাবাদীরা কোন্ অর্থে দৈহিক ঘটনা ও মানসিক ঘটনাকে অভিন্ন বলেছেন?**

উত্তর ▶ অভিন্নতাবাদীদের মতে মনোবাচক পদ যে প্রকৃত ঘটনাকে নির্দেশ করে দেহবাচক পদও সেই ঘটনাকে নির্দেশ করে। এই সংখ্যাগত অভিন্নতা অর্থে দৈহিক ঘটনা ও মানসিক ঘটনা অভিন্ন।

19 **বিমূর্ত দার্শনিক চিন্তাকে অভিন্নতাবাদীরা কীভাবে ব্যাখ্যা করেছেন?**

উত্তর ▶ অভিন্নতাবাদীদের মতে বিমূর্ত দার্শনিক চিন্তা মস্তিষ্কের কাজ। কারণ মস্তিষ্ক ছাড়া বিমূর্ত চিন্তা সম্ভব নয়। তাই বিমূর্ত দার্শনিক চিন্তা ও বিশেষ মস্তিষ্ক ক্রিয়া অভিন্ন।

20 **দৈহিক ঘটনা ও মানসিক ঘটনা সংখ্যাগতভাবে অভিন্ন—এই কথা তুমি কি সমর্থন করো?**

উত্তর ▶ দৈহিক ঘটনা অর্থাৎ মস্তিষ্কের প্রক্রিয়া মস্তিষ্কের কোনো এক স্থানে ঘটে। অপরপক্ষে, মানসিক ঘটনা যথা—চিন্তার কোনো নির্দিষ্ট স্থান নির্দেশ করা যায় না। তাই দৈহিক ঘটনা ও মানসিক ঘটনা পৃথক। তাই দুটি ঘটনা অভিন্ন হতে পারে না।

বিভাগ ঘ

অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্রতিটি প্রশ্নের মান - 1

1 **অভিন্নতাবাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ অধ্যাপক স্মার্ট অভিন্নতাবাদের প্রতিষ্ঠাতা।

2 **'অভিন্নতা' শব্দটি কত প্রকার অর্থে ব্যবহৃত হয় ও কী কী?**

উত্তর ▶ 'অভিন্নতা' শব্দটি দুটি অর্থে ব্যবহৃত হয়। যথা—[1] লৌকিক অর্থে অভিন্নতা ও [2] সংখ্যাগত অর্থে অভিন্নতা।

3 **অভিন্নতাবাদীরা 'অভিন্নতা' শব্দটি কোন্ অর্থে ব্যবহার করেছেন?**

উত্তর ▶ অভিন্নতাবাদীরা সংখ্যাগত অভিন্নতা অর্থে 'অভিন্নতা' শব্দটি ব্যবহার করেছেন।

4 **দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে দ্বৈতবাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ দেকার্ত দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে দ্বৈতবাদের প্রতিষ্ঠাতা।

5 **'দেহ ও মন পরস্পর বিরুদ্ধ ও নিরপেক্ষ দ্রব্য'—কে বলেছেন?**

উত্তর ▶ দেকার্ত বলেছেন দেহ ও মন পরস্পর বিরুদ্ধ ও নিরপেক্ষ দ্রব্য।

6 **'দেহ হল চেতনাহীন বিস্তৃতি এবং মন হল বিস্তৃতিহীন চেতনা'—কে বলেছেন?**

উত্তর ▶ দেকার্ত বলেছেন দেহ হল চেতনাহীন বিস্তৃতি এবং মন হল বিস্তৃতিহীন চেতনা।

7 **দেকার্তের দেহ ও মনের সম্বন্ধ বিষয়ক মতবাদটির নাম কী?**

উত্তর ▶ দেকার্তের দেহ ও মনের সম্বন্ধ বিষয়ক মতবাদটির নাম ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ।

8 **ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ দার্শনিক দেকার্ত ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের প্রতিষ্ঠাতা।

9 **কোন্ দার্শনিক বলেছেন দৈহিক ঘটনা ও মানসিক ঘটনার মধ্যে কার্যকারণ সম্বন্ধ আছে?**

উত্তর ▶ দেকার্ত বলেছেন দৈহিক ঘটনা ও মানসিক ঘটনার মধ্যে কার্যকারণ সম্বন্ধ আছে।

10 **দেকার্তের মতে দেহ ও মনের ক্রিয়া-প্রতিক্রিয়া কীভাবে ঘটে?**

উত্তর ▶ দেকার্তের মতে মস্তিষ্কের পিনিয়েল গ্রন্থির মাধ্যমে দেহ ও মনের ক্রিয়া-প্রতিক্রিয়া পরোক্ষভাবে ঘটে থাকে।

11 **দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে স্পিনোজার মতবাদের নাম কী?**

উত্তর ▶ দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে স্পিনোজার মতবাদের নাম হল সমান্তরালবাদ।

12 **দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে সমান্তরালবাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে সমান্তরালবাদের প্রতিষ্ঠাতা হলেন স্পিনোজা।

13 **স্পিনোজার মতে দৈহিক ক্রিয়া ও মানসিক ক্রিয়ার মধ্যে কীরূপ সম্বন্ধ আছে?**

উত্তর ▶ স্পিনোজার মতে দৈহিক ক্রিয়া ও মানসিক ক্রিয়ার মধ্যে কোনো কার্যকারণ সম্বন্ধ নেই। আছে কেবল সমান্তরাল সম্পর্ক।

14 **'দৈহিক ঘটনা ও মানসিক ঘটনার মধ্যে কোনো সম্পর্ক নেই'—এই কথা কে বলেছেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেছেন 'দৈহিক ঘটনা ও মানসিক ঘটনার মধ্যে কোনো সম্পর্ক নেই'।

15 **'দৈহিক ক্রিয়া ও মানসিক ক্রিয়ার মধ্যে যে কার্যকারণ সম্বন্ধ প্রত্যক্ষ করি তা ভ্রান্ত প্রত্যক্ষ'—এই কথা কে বলেছেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেছেন 'দৈহিক ক্রিয়া ও মানসিক ক্রিয়ার মধ্যে যে কার্যকারণ সম্বন্ধ প্রত্যক্ষ করি তা ভ্রান্ত প্রত্যক্ষ।'

16 **কোন্ মতবাদে বলা হয়েছে দৈহিক ঘটনা ও মানসিক ঘটনার মধ্যে কোনো পার্থক্য নেই?**

উত্তর ▶ অভিন্নতাবাদে বলা হয়েছে দৈহিক ঘটনা ও মানসিক ঘটনার মধ্যে কোনো পার্থক্য নেই।

17 **অভিন্নতাবাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ অধ্যাপক স্মার্ট দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে অভিন্নতাবাদ প্রতিষ্ঠা করেছেন।

18 **অভিন্নতাবাদীরা কী অর্থে দৈহিক ঘটনা ও মানসিক ঘটনাকে অভিন্ন বলেছেন?**

উত্তর ▶ অভিন্নতাবাদীরা সংখ্যাগত অভিন্নতা অর্থে দৈহিক ঘটনা ও মানসিক ঘটনাকে অভিন্ন বলেছেন।

19 **অভিন্নতাবাদীরা সংখ্যাগত অভিন্নতা বলতে কী বোঝাতে চান?**

উত্তর ▶ অভিন্নতাবাদীরা সংখ্যাগত অভিন্নতা বলতে বোঝাতে চান যে মনোবাচক পদ যে প্রকৃত ঘটনাকে নির্দেশ করে দেহবাচক পদগুলিও ঠিক সেই ঘটনাকে নির্দেশ করে।

20 **বিমূর্ত দার্শনিক চিন্তাকে অভিন্নতাবাদীরা কীভাবে ব্যাখ্যা করেন?**

উত্তর ▶ অভিন্নতাবাদীরা বলেন বিমূর্ত দার্শনিক চিন্তা মস্তিষ্কের কাজ। তাই বিমূর্ত দার্শনিক চিন্তা ও বিশেষ মস্তিষ্কের ক্রিয়া অভিন্ন।

বিভাগ ঙ

বহু বিকল্পভিত্তিক প্রশ্নাবলি বা MCQ

প্রতিটি প্রশ্নের মান - 1

1 ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের প্রতিষ্ঠাতা হলেন—

Ⓐ দেকার্ত
Ⓑ স্পিনোজা
Ⓒ লাইবনিজ
Ⓓ স্মার্ট

2 দেকার্ত প্রতিষ্ঠিত দেহ ও মনের সম্বন্ধ বিষয়ক মতবাদের নাম—

Ⓐ ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ
Ⓑ অভিন্নতাবাদ
Ⓒ সমান্তরালবাদ
Ⓓ উপসত্তাবাদ